



Dr. Devon Q. Horton, সুপারিনটেনডেন্ট

Mr. Dijon DaCosta, Sr., সভাপতি
Mrs. Deirdre P. Pierce, সহ-সভাপতি
Mrs. Anna Hill
Mrs. Whitney McGinniss
Ms. Allyson Gevertz
Mrs. Vickie B. Turner
Dr. Joyce Morley

অবিলম্বে প্রকাশের জন্য

জানুয়ারি 9, 2024

যোগাযোগ:

Donald Porter, Ed.D. 678-481-4110
Carla Parker 404-734-1717

16 টি DCSD স্কুল CSI, প্রতিশ্রুতি, এবং TSI অগ্রগতি তালিকা থেকে বেরিয়ে গেছে; হরাইজন স্কুলসমূহের 96% কনটেন্ট মাস্টারিতে একাডেমিক অগ্রগতি প্রদর্শন করেছে।

(STONE MOUNTAIN, GA) – 2022 সালে পঁচিশটি (25) DeKalb County School-কে ব্যাপক সহায়তা এবং অগ্রগতি (CSI) সর্বনিম্ন 5%, CSI প্রতিশ্রুতি, বা লক্ষ্যযুক্ত সহায়তা এবং অগ্রগতি (TSI) হিসাবে চিহ্নিত করা হয়। আজ, 2023 সালের কলেজ অ্যান্ড কেরিয়ার রেডি পারফরম্যান্স ইনডেক্স (CCRP) ফলাফলের উপর ভিত্তি করে কেন্দ্রীয়ভাবে চিহ্নিত স্কুল তালিকা থেকে ষোলটি (16) স্কুলকে অবমুক্ত করা হয়।

সুপারিনটেনডেন্ট Dr. Devon Q. Horton বলেন, "আমাদের হরাইজন স্কুলসমূহের 96 শতাংশ 2023 সালে তাদের সামগ্রিক কনটেন্ট মাস্টারি স্কোর বৃদ্ধি করেছে। আমি আমাদের অধ্যক্ষ এবং স্কুল কমিউনিটিকে তাদের নিবেদন এবং শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে অঙ্গীকারের জন্য প্রশংসা করি। কেন্দ্রীয়ভাবে চিহ্নিত তালিকা থেকে বেরিয়ে আসা স্কুলসমূহকে পারফরম্যান্স লাভ অব্যাহত রাখতে এবং সেগুলো যাতে অগ্রগতি তালিকার বাইরে থাকে তা নিশ্চিত করতে আমরা অতিরিক্ত ও সাধ্যের বাইরে সহায়তা প্রদান করা চালিয়ে যাব।"

নিম্নোক্ত তিনটি (3) স্কুলকে ব্যাপক সহায়তা ও অগ্রগতি (CSI) সর্বনিম্ন 5% তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে:

Fairington Elementary Panola Way Elementary Ronald McNair Discovery Learning Academy

নিম্নোক্ত চারটি (4) স্কুলকে লক্ষ্যযুক্ত সহায়তা এবং অগ্রগতি (TSI) তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে:

Pine Ridge Elementary School Shadow Rock Middle School
Salem Middle School Woodridge Elementary School

এছাড়াও, এমন নয়টি (9) স্কুলকে সরিয়ে দেওয়া হয়েছে যেগুলোকে আগে প্রতিশ্রুতি হিসাবে চিহ্নিত করা হয়েছিল:

Dresden Elementary School McNair Middle School Peachcrest Elementary School
Flat Rock Elementary School Montclair Elementary School Stone Mill Elementary School
Mary McLeod Bethune Middle Oak View Elementary School Towers High School

2023-2024 সালের CSI, ATSI, এবং TSI এর জন্য কেন্দ্রীয়ভাবে চিহ্নিত স্কুল তালিকার মানদণ্ডে বিদ্যমান সমস্ত 2023 CCRPI উপাদান স্কোর অন্তর্ভুক্ত করার জন্য হালনাগাদ করা হয়েছে। এসব স্কোরের মধ্যে রয়েছে এলিমেন্টারি ও মিডল পর্যায়ের কনটেন্ট মাস্টারি, অগ্রগতি, ঘাটতি পূরণ করা এবং প্রস্তুতি। হাই স্কুল পর্যায়ে CCRPI উপাদানসমূহের মধ্যে রয়েছে কনটেন্ট মাস্টারি, অগ্রগতি, ঘাটতি পূরণ করা, প্রস্তুতি এবং স্নাতক হার। CSI স্নাতক হার স্কুলসমূহের চার বছরের স্নাতকের হার 67% এর কম বা সমান।

-আরও-

Georgia Department of Education-এর কাছে 2023 সালের CCRPI-এর পরিবর্তন এবং কেন্দ্রীয়ভাবে চিহ্নিত স্কুলসমূহকে চিহ্নিত করার জন্য ব্যবহৃত পদ্ধতির বিস্তারিত তথ্য রয়েছে [এখানে](#)।

কেন্দ্রীয়ভাবে চিহ্নিত স্কুলের মোট সংখ্যা 2022 সালে পঁচিশটি (25) থেকে কমিয়ে 2023 সালে ষোলটি (16) করা হয়। যে ষোলটি (16) স্কুল তালিকায় রয়ে গেছে বা এতে নতুন সেগুলো হলো:

CSI সর্বনিম্ন পারফর্মিং এবং CSI স্নাতক হার:

DeKalb Alternative School

Elizabeth Andrews High School

CSI টিয়ার IV সহায়তা:

Flat Shoals Elementary School

Stone Mountain Elementary School

CSI স্নাতক হার:

Clarkston High School- নতুন

East DeKalb Special Education Center- নতুন

Cross Keys High School

McNair High School

এছাড়াও, DeKalb County-তে আটটি (8) স্কুল ছিল যেগুলো প্রতিবন্ধী শিক্ষার্থীদের (SWD) জন্য অতিরিক্ত লক্ষ্যযুক্ত সহায়তা এবং অগ্রগতি (ATSI) তালিকায় প্রথমবারের মতো প্রবেশ করে:

Browns Mill Elementary School

Murphey Candler Elementary School

Hightower Elementary School

Rock Chapel Elementary School

Lithonia High School

Snapfinger Elementary School

Martin Luther King, Jr. High School

Stoneview Elementary School

"এই স্কুল বছরে যোগ করা সম্পূর্ণ সহায়তা আমাদের সেসব স্কুলের জন্য অব্যাহত থাকবে, যেগুলো অতিরিক্ত দুই বছরের জন্য CSI তালিকায় রয়েছে। নতুন চিহ্নিত CSI এবং ATSI স্কুলসমূহ অবিলম্বে আমাদের হরাইজনের ব্যাপক সহায়তা কাঠামোতে অন্তর্ভুক্ত হবে যাতে এসব স্কুলে এই স্কুল বছরে শিক্ষার্থীদের অর্জনকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যা যা প্রয়োজন তা নিশ্চিত করা যায়," Dr. Horton বলেন।

"সময়ের সাথে সাথে কোনো কেন্দ্রীয় অগ্রগতি তালিকায় চিহ্নিত কোনো স্কুল না থাকার বিষয়টি হলো আমাদের লক্ষ্য।"

XXX